42

তারিখ ... 03 JUN 1997 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২ ...

দৈনিক জনকণ্ঠ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো এখন বহিরাগতমুক্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো এখন বহিরাগত মুক্ত। আবাসিক হলগুলোতে সর্বক্ষণিক পুলিশ প্রহরা সোমবার আরও জোরদার করায় বহিরাগতরা হল ছেড়ে চলে গেছে।

গত রবিবার থেকে আবাসিক হলগুলোতে সর্বক্ষণিক পুলিশ প্রহরার ব্যবস্থা করা হয়। এ খবর জানতে পেরে অনেক বহিরাগত সন্ত্রাসী রবিবারই হল ছেড়ে দেয়। সোমবার প্রবেশপত্র পরীক্ষার জন্য পুলিশের সাথে আবাসিক শিক্ষকরাও যোগ দিয়েছেন যাতে কোন বহিরাগত সন্ত্রাসী হলে ঢুকতে না পারে। হল কর্তৃপক্ষ এ বিষয়ে সর্বক্ষণিক দৃষ্টি রাখছেন। হলগুলোতে পুলিশের সংখ্যাও আগের চেয়ে বাড়ানো হয়েছে।

আশ্রয়হীন হয়ে বহিরাগত সন্ত্রাসীদের সোমবার ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় ঘোরাফেরা করতে দেখা যায়।

আবাসিক হলগুলোর সার্বিক পরিস্থিতি পর্যালোচনার জন্য উপাচার্যের বাসভবনে সোমবার সন্ধ্যায় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির বৈঠক হয়। দীর্ঘ আড়াই ঘণ্টার এ বৈঠকে বিভিন্ন হলের প্রভোস্টগণ উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে নিজ নিজ হলের অবস্থা অবহিত করেন।

ক্যাম্পাস পরিস্থিতি নিয়ে উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সাথে আলাপকালে তিনি বলেন, এতিমখানার বিভিন্ন মহল্লার, আন্ডার মেট্রিকুলেট মস্তানরা ক্যাম্পাস ছেড়ে চলে গেছে। সকলের সহযোগিতা পেলে যে কোন মূল্যে ঢাকা বিশ্ববিদ্যালয়কে বহিরাগতমুক্ত করা হবে। ইতোমধ্যে এ বিষয়ে গৃহীত পদক্ষেপে সফলতা পাওয়া গেছে। উপাচার্য জানান, বিভিন্ন হলের প্রভোস্ট, হাউস টিউটরদের সর্বক্ষণিকভাবে হলের দিকে দৃষ্টি রাখার জন্য বলা হয়েছে।

গভীর রাতেও হলে যাতে কোন বহিরাগত ঢুকতে না পারে সে বিষয়ে পুলিশকে কড়া নির্দেশ দেয়া হয়েছে।